



চীন সফরে ট্রাম্পের সঙ্গে ইলন মাস্ক, টিম কুকসহ শীর্ষ মার্কিন ব্যবসায়ীরা



ইলন মাস্ক। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চীন সফরে সঙ্গে গেছেন দেশটির শীর্ষ প্রযুক্তি ও আর্থিক খাতের একাধিক প্রভাবশালী নির্বাহী। বৃহস্পতিবার (১৪ মে) আলজাজিরার প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

সফরসঙ্গীদের মধ্যে রয়েছেন টেসলার ইলন মাস্ক, অ্যাপলের টিম কুক, এনভিডিয়ার জেনসেন হুয়াং এবং গোল্ডম্যান স্যাকসের ডেভিড সলোমন। এছাড়া আরও উপস্থিত আছেন ব্ল্যাকবেরের ল্যারি ফিঙ্ক, জেনারেল মোটরসের কেলি অর্টবার্গ, জেপি মরগানের জেন ফ্রেজার এবং ব্ল্যাকস্টোনের স্টিফেন শোয়ার্জম্যান।

হোয়াইট হাউস সূত্রের বরাতে আন্তর্জাতিক গণমাধ্যম জানায়, এই সফরে যুক্তরাষ্ট্র চীনের বাজার আরও উন্মুক্ত করার বিষয়ে চাপ দিতে চায়, যাতে মার্কিন কোম্পানিগুলো সেখানে ব্যবসায়িক সুযোগ আরও বাড়াতে পারে।

বর্তমানে ইরান যুদ্ধ পরিস্থিতি এবং মূল্যস্ফীতির কারণে যুক্তরাষ্ট্রে ট্রাম্প প্রশাসনের ওপর রাজনৈতিক ও অর্থনৈতিক চাপ তৈরি হয়েছে। এমন অবস্থায় এই চীন সফরকে গুরুত্বপূর্ণ কূটনৈতিক ও অর্থনৈতিক পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে।

বিশ্বের দুই বৃহৎ অর্থনীতির মধ্যে বাণিজ্য, প্রযুক্তি এবং ভূরাজনৈতিক প্রতিযোগিতার প্রেক্ষাপটে এই সফর বৈশ্বিক বাজারে বড় ধরনের প্রভাব ফেলতে পারে।